

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০৩৪.১৭- ৬২২

তারিখ: ৩০.১০.২০১৭ খ্রি:।

বিষয়: বড় হাতিয়া এশায়া'তুল উলুম ফাযিল মাদরাসায় উপাধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ একটি প্রতিবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তর প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বড়হাতিয়া এশায়া'তুল উ'লুম ফাযিল মাদরাসার, স্মারক নং-ব,এ,উ,ফা,মা./নি/০২/২০১৭

তারিখ: ২৩.০৮.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূল্যে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ এর অবদানের প্রেক্ষিতে ২৯.০৮.২০১৭ খ্রি: তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে নিয়োগ বোর্ডে ডিজি'র প্রতিনিধি হিসেবে ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) কে মনোনয়ন প্রদান করা হয়।

০২. মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজি'র প্রতিনিধি মনোনয়ন পত্র জারী করার পর ইতোমধ্যে (২৯.০৮.২০১৭ - ৩০.১০.২০১৭) দীর্ঘ প্রায় ০২ (দু' মাস) অতিবাহিত হতে চলেছে। অজোবধি মহোদয়ের মাদরাসায় উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনসহ অন্য কোন পদক্ষেপই মহোদয় কর্তৃক গৃহীত হয়নি।

০৪. মাদরাসাটি চট্টগ্রাম জেলার ঐতিহ্যবাহী একটি শিক্ষা প্রতিষ্ঠান। মাদরাসাটির দাপ্তরিক ও শিক্ষা ধারাবাহিকতা রক্ষা এবং প্রশাসনিক প্রয়োজন নিম্নে বর্ণিত তথ্যাদি প্রয়োজন।

(ক) ১ নং স্মারক মূল্যে অধ্যক্ষ কর্তৃক ২৩.০৮.২০১৭ তারিখে মাদরাসা শিক্ষা অধিদপ্তর অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ডে ডিজি'র প্রতিনিধি প্রাপ্তির জন্য আবেদন দাখিলের পূর্বে কত দিন যাবৎ উপাধ্যক্ষের পদটি শূণ্য রয়েছে?

(খ) উপাধ্যক্ষ পদ শূণ্য থাকার পূর্ণ সময়কালে বর্তমান মহোদয় (বর্তমান অধ্যক্ষ) অধ্যক্ষ হিসেবে দায়িত্বরত ছিলেন কি-না?

(গ) উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনে দীর্ঘ দিন (প্রায় দু' মাস) বিলম্ব/কালক্ষেপণ করার কারণ কি?

(ঘ) উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনের জন্য বর্তমান অধ্যক্ষ কর্তৃক কোন পদক্ষেপ/ উদ্যোগ গৃহীত হয়েছে কি-না?

(ঙ) পদক্ষেপ/ উদ্যোগ গ্রহণ করা হয় থাকলে এর ফলাফল কি?

(চ) পদক্ষেপ/ উদ্যোগ গ্রহণ না করা হয়ে থাকলে এর কারণ কি এবং এর জন্য কে বা কারা দায়ী?

(ছ) উপাধ্যক্ষ পদে নিয়োগ সম্পন্ন করার বিষয়ে বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর কিকি পরিকল্পনা বিবেচনায় আছে?

(ঝ) অধ্যক্ষ নিয়োগের কার্যক্রমটি কবে নাগাদ শেষ হবে?

(ঞ) অধ্যক্ষ নিয়োগের এ দীর্ঘ সূত্রীতায় তাঁর (বর্তমান অধ্যক্ষ) কোন দায়িত্বে অবহেলা আছে কি-না?

০৫. ২৯.০৮.২০১৭ তারিখে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিয়োগ বোর্ডে ডিজি'র প্রতিনিধি মনোনয়ন প্রদানের পর (২৯.০৮.২০১৭ - ৩০.১০.২০১৭) দীর্ঘ প্রায় ০২ (দু' মাস) অতিবাহিত হলেও মহোদয় কর্তৃক ডিজি'র মনোনীত প্রতিনিধি/মাদরাসা শিক্ষা অধিদপ্তরের সাথে এ দীর্ঘ সময়ে কোন প্রকার যোগাযোগ করা হয়নি যা কর্তৃত্বের অবহেলাজনিত অসদাচরণ মর্মে প্রতীয়মান হয়।

০৭. এমতাবস্থায় বর্ণিত অসদাচরণের কারণে মহোদয়ের বিরুদ্ধে কোন প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না -এর কারণ দর্শনোসহ উপরে চাহিত মতে তথ্যসহ একটি প্রতিবেদন আগামি ০৯.১১.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তর প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। চাহিত তথ্য প্রদানে ব্যর্থতা অসদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং সেমতে আইনানুগ পদক্ষেপ গ্রহীত হবে।

অধ্যক্ষ

বড় হাতিয়া এশায়া'তুল উলুম ফাযিল মাদরাসা, ডাক:বড় হাতিয়া,লোহাগড়া,চট্টগ্রাম।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, চট্টগ্রাম।

৫. অফিস কপি

A. M. M.
২০.১০.১৭

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com